দৈনিক সংবাদ

তারিখ 23 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

017

# নারায়ণগঞ্জে প্রশ্নপত্র ফাঁস ।। বিভিন্ন কেন্দ্রে বহিষ্কৃত ৬৩৯

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

এস এস সি. পরীক্ষার চতুর্থ দিনে গতকাল বুধবার নকল করার জন্য শেষ খবর পাওয়া পর্যন্ত ৬৩৯ জনকে বহিষ্কার করা হয়েছে। গতকাল ছিল ভুগোল

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

ঢাকা : বৃহস্পতিবার, ৯ই চৈত্র, ১৩৯৫

## প্রশ্নপত্র ফাঁস

(১ম পাতার পর)

পরীক্ষা।

গতকালের উল্লেখযোগ্য ঘটনা হচ্ছে, নারায়ণগঞ্জে প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়া এবং মানিকগঞ্জে ম্যাজিস্ট্রেটের ওপর নকলকারী ও তাদের সঙ্গীদের হামলা।

রাজধানীর পরীক্ষাকেন্দ্রগুলো থেকে নকলের অভিযোগে বহিষ্কারের খবর ঢাকা শিক্ষা বোর্ড অস্বীকার করলেও কয়েকটি কেন্দ্রে নকল হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। বোর্ড সূত্রে দাবী করা হয়, রাজধানীর কেন্দ্রগুলোতে কড়াকড়িভাবে পরীক্ষা হচ্ছে।

ঢাকা শিক্ষা বোর্ড কন্ট্রোল রুম থেকে গতকাল ৪১৭ জন ছাত্রছাত্রী এবং ২জন শিক্ষককে বহিষ্কারের খবর পাওয়া গেছে। এর মধ্যে গাজীপুরের ৭টি কেন্দ্রে ৩০ জন, নরসিংদীর ৩টি কেন্দ্রে ৬জন, মুন্সীগঞ্জের ৬টি কেন্দ্রে ৩৫জন, টাঙ্গাইলের ১২টি কেন্দ্রে ১৬১ জন, নেত্রকোনার ১১টি কেন্দ্রে ৪৪ জন, জামালপুরের ৭টি কেন্দ্রে ৮১ জন এবং শেরপুরের ৫টি কেন্দ্রে ৬০ জন রয়েছে। নকলে সহযোগিতার দায়ে শিক্ষকদ্বয় বহিষ্কৃত হয়েছেন শ্রীবর্দী কেন্দ্র থেকে।

মানিকগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান, মানিকগঞ্জ শহরের মডেল হাইস্কুল উপকেন্দ্রে কর্তব্য পালন শেষে গতকাল দুপুর একটায় দু'জন ম্যাজিস্ট্রেট গাড়ীতে করে ফেরার পথে পরীক্ষার্থী ও বহিরাগতদের হামলার শিকার হন।

গতকাল মানিকগঞ্জ শহর, দৌলতপুর ও ঘিওর কেন্দ্র থেকে ১৯ জন পরীক্ষার্থীকেও বহিষ্কার করা হয়।

নারায়ণগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান, এস এস সি পরীক্ষার চতুর্থ দিনে রূপগঞ্জে ২৬, সোনারগাঁও-এ ২২, বৈদ্যের বাজারে ২৩ ও বন্দরে ৬ জনকে নিয়ে মোট ৭৭ জনকে বহিষ্কার করা হয়। মঙ্গলবার রাত থেকে গতকাল সকাল পর্যন্ত শহরের বিভিন্ন এলাকায় ভূগোল পরীক্ষার প্রশ্নপত্র ৫০ থেকে, ১শ' টাকায় বিক্রি করতে দেখা যায়। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ খবর পাবার পর অন্য সেটের প্রশ্নপত্র দিয়ে পরীক্ষা নেন।

বন্দর বি এম ইউনিয়ন গার্লস স্কুলে পরীক্ষার্থীর আত্মীয় পরিচয়দানকারী আব্বাস আলী (২২ ও শাহনাজ বেগমকে (১৬) পরীক্ষা কেন্দ্রের শৌচাগার থেকে পুলিশ গ্রেফতার করে। তাদের বাড়ী সোনাকান্দায়। এ ব্যাপারে বন্দর থানায় মামলা হয়েছে।

বগুড়া থেকে নিজস্ব সংবাদদাতা জানান, এস এস সি পরীক্ষার ৪র্থ দিনে বগুড়ার ৯টি কেন্দ্র থেকে ১শ' ২৬ জনকে নকল করার দায়ে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষার শুরু থেকে আজ পর্যন্ত বগুড়ায় বিভিন্ন কেন্দ্র থেকে ১ হাজার ৭১ জনকে অসদুপায় অবলম্বনের জন্যে বহিষ্কার করা হয়েছে।